



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ টিচার্স ট্রেনিং কলেজ ক্যাম্পাস, ময়মনসিংহ
ফোন : ০৯১-৬৩৩৩৩, E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/বিদ্যা/শের/২০১৯/১৫৬৩

তারিখ : ০৮/০৮/২০১৯ খ্রিঃ

বিষয় : কারণ দর্শানো জবাব প্রসঙ্গে।

সূত্র : (i) উপজেলা নির্বাহী অফিসার, নালিতাবাড়ী এর স্মারক নং- ০৫.৪৫.৮৯৭০.০০১.০১.০১৮.১৮-৬৩০
তারিখঃ ০১/০৮/২০১৯ খ্রিঃ

(ii) সভাপতির বিরুদ্ধে ম্যানেজিং কমিটির অধিকাংশ সদস্য ও অন্যান্য সাধারণ শিক্ষক সদস্য কর্তৃক স্বাক্ষরিত একখানা অনাছা পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মূলে উপজেলা নির্বাহী অফিসার নালিতাবাড়ী এর তদন্ত প্রতিবেদন এবং ম্যানেজিং কমিটির অধিকাংশ সদস্য ও অন্যান্য সাধারণ শিক্ষক সদস্য কর্তৃক স্বাক্ষরিত একখানা অনাছা পত্রানুযায়ী শেরপুর জেলার নালিতাবাড়ী উপজেলাধীন “সন্ন্যাসীভিটা উচ্চ বিদ্যালয়” এর ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে নিম্নরূপ অভিযোগ আনা হয় :

(i) ম্যানেজিং কমিটির সভাপতি কমিটির অনুমোদন ব্যতীত এবং জেলা শিক্ষা অফিসারের অনুমোদন ছাড়া উদ্দেশ্য প্রণোদিতভাবে প্রধান শিক্ষক, সহকারি প্রধান শিক্ষক এবং করণিক কাম কম্পিউটার অপারেটর পদের নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার করে বিদ্যালয়ের অর্থ অপচয় করেছেন।

(ii) অত্র প্রতিষ্ঠানের কম্পিউটার শিক্ষক জনাব আঞ্জুমান আরা তার নিয়োগের সময় ৮০,০০০/- (আশি হাজার) টাকা প্রতিষ্ঠানের কম্পিউটার ক্রয়ের জন্য প্রদান করেন। উক্ত অর্থ দ্বারা কম্পিউটার ক্রয় না করে বর্তমান সভাপতি তা আত্মসাৎ করেন।

(iii) উক্ত প্রতিষ্ঠানের ১০(দশ) টি গাছ বিক্রি করে প্রাপ্ত ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা দিয়ে বিদ্যালয়ের নামে ০.১৫ একর জমি ক্রয় করার সিদ্ধান্ত হলেও তিনি তা না করে বরং জমি ক্রয় করে নিজ নামে দলিল করে নেন।

(vi) সভাপতি বিদ্যালয়ে এসে প্রায়ই শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের সাথে অশালীন আচরণ করেন এবং কমিটির সভায় তাঁর একক সিদ্ধান্তের বাইরে অন্য সদস্য কোন কথা বললে তাকে তিনি লাঞ্ছিত করেন।

এমতাবস্থায়, ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে এস.আর.ও নং-৯৯-আইন/২০০৯ এর ধারা ৩৮(২) অনুযায়ী কেন সভাপতির সদস্যপদ বাতিল করা হবে না তা - এ পত্র ইস্যুর তারিখ হতে ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে সুস্পষ্ট কারণ দর্শানোর জন্য নির্দেশ দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

(ড. মোঃ দিদারুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

প্রাপক : সভাপতি, ম্যানেজিং কমিটি

সন্ন্যাসীভিটা উচ্চ বিদ্যালয় (EIN:113780)


উপজেলাঃ নালিতাবাড়ী, জেলাঃ শেরপুর।

তারিখ : ০৮/০৮/২০১৯ ইং

মেমো নং- ১৫৬৩(৫)

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো

- ১। উপজেলা নির্বাহী অফিসার, নালিতাবাড়ী, শেরপুর।
- ২। জেলা শিক্ষা অফিসার, শেরপুর।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নালিতাবাড়ী, শেরপুর।
- ৪। প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত), সন্ন্যাসীভিটা উচ্চ বিদ্যালয়, নালিতাবাড়ী, শেরপুর।
- ৫। অফিস কপি।


০৮.৮.১৯

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

